দৈনিক সংবাদ

তারিখ 30 AUG 1997
পৃষ্ঠা 2 কলাম ৬

15

### সিলেটে বৃত্তি প্রদান অনুষ্ঠানে বক্তব্য

# শিক্ষা ছাড়া গণতন্ত্র হয় মুষ্টিমেয় কয়েকজনের

বাংলাদেশ উন্নয়ন পরিষদের চেয়ারম্যান প্রখ্যাত অর্থনীতিবিদ ডক্টর কাজী খলি-কুজ্জমান আহমদ বলেছেন, শিক্ষার প্রসার ছাড়া কোন জাতি উন্নতির শিখরে পৌছতে পারে নি। তাই বৃহত্তর সিলেটের উন্নয়নের লক্ষ্যে সিলেটের সকল পর্যায়ের ব্যক্তি-বর্গকে এ অঞ্চলের শিক্ষিতের হার বাড়ানোর জন্যে এগিয়ে আসা প্রয়োজন।

তিনি গতকাল শুক্রবার সিলেটের সামাজিক-সাংস্কৃতিক সংগঠন সাইক্লোন-এ ডাঃ এ, রসুল সাইক্লোন শিক্ষা বৃত্তি প্রকল্পের উদ্যোগে স্থানীয় শহীদ সোলেমান হলে আয়োজিত শিক্ষাবৃত্তি ও সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যকালে একথা বলেন। প্রকল্প চেয়ারম্যান তাবেদার রসুল বকুলের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুমিল্লা শিক্ষাবোর্ডের সাবেক চেয়ারম্যান প্রফেসর মোহাম্মদ আবদুল আজিজ, সাইক্লোন কেন্দ্রীয় সংসদের চেয়ারম্যান সমাজসেবী মোঃ কাওছার জাহান কায়সার। সভার শুরুতে কোরআন তেলা-ওয়াত করেন আবু সাঈদ আনসারী।

মুশফিকুল ফজল আনসারীর পরিচালনায় ডক্টর খলীকুজ্জমান আরো বলেন, শিক্ষা সমস্যা সমাধানের জন্যে শুধু উপরে নয়, সমস্যার মূলে প্রবেশ করে সমস্যা সমাধান করতে হবে।

তিনি আরো বলেন, শিক্ষা মানুষের চিন্তার বিকাশ ঘটায়, আমরা যে গণতন্ত্রের কথা বলি, শিক্ষা ছাড়া সে গণতন্ত্র প্রতিষ্ঠিত হতে পারে না। শিক্ষা ছাড়া গণতন্ত্র হবে মুষ্টিমেয় কয়েকজনের। গণতন্ত্রের নামে স্বৈরতন্ত্র হতে পারে। স্বল্পসংখ্যক শিক্ষিত হলে, গুটিকতক মানুষের ইচ্ছা সকলের উপর প্রতিফলিত হবে। তাই সংখ্যাগরিষ্ঠ মানুষ শিক্ষাগ্রহণ করলে, তারা নির্বাচিতদের কাছে জবাব-দিহিতা আদায় করতে পারবে।

বিশেষ অতিথির বক্তব্যে প্রফেসর আবদুল আজিজ বলেন, সিলেটের শিক্ষা ব্যবস্থায় বিভিন্ন সমস্যা রয়েছে। বিশেষ করে শিক্ষক প্রশিক্ষণ প্রতিষ্ঠান না থাকায় সিলেটে সর্বাধিক সংখ্যক শিক্ষক রয়েছেন, যাদের প্রশিক্ষণ নেই। এছাড়া অভ্যন্তরীণ যোগাযোগের অবব্যস্থা শিক্ষা সম্পর্কে নেতিবাচক মূল্যায়নের ফলেও সিলেটে শিক্ষার তেমন প্রসার ঘটছে না। তাই এ সকল অবস্থার অবসান প্রয়োজন।

সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন এম এ সালাম চৌধুরী, সাদ ওবায়দুল লতিফ, মোঃ আবদুল মঈন, পুলিন তালুকদার, সেলিম আউয়াল, হারান কান্তি সেন প্রমুখ। অনুষ্ঠানে ৮১ জন কৃতী ছাত্রছাত্রীকে বৃত্তি প্রদান করা হয়। খবর বিজ্ঞপ্তির।